

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১১৮

বিলেনীয়া, ০৮ ডিসেম্বর, ২০২৩

বিলেনীয়ায় ভোটার সচেতনতা শিবির

সিস্টেমটিক ভোটারস এডুকেশন এন্ড ইলেকটোরাল পার্টিসিপেশন কর্মসূচির অঙ্গ হিসেবে সম্প্রতি বিলেনীয়া মহকুমা প্রশাসনের উদ্যোগে ভোটারদের ভোটাধানে উদ্বুদ্ধ করতে এবং ভোটাধানে সচেতনতা সৃষ্টি করতে বিলেনীয়ার আর্কলোনি দ্বাদশশ্রেণী বিদ্যালয়ে এক সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন এই কর্মসূচির মহকুমা নোডাল অফিসার দীপায়ণ রায়, বিলেনীয়া পুর পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অনুপম চক্রবর্তী, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক আশীষ চৌধুরী প্রমুখ। অতিথিগণ তাদের আলোচনায় নতুন ভোটারদের ভোটার তালিকায় নাম নথিভুক্ত করার বিষয়ে, ভোটার তালিকা সংশোধনের পদ্ধতি সম্পর্কে ও ভোটাধানের গুরুত্ব সম্পর্কে বিস্তারিত তথ্য তুলে ধরেন। উল্লেখ্য, সিস্টেমটিক ভোটারস এডুকেশন এন্ড ইলেকটোরাল পার্টিসিপেশন কর্মসূচির অঙ্গ হিসেবে সম্প্রতি মহকুমার বড়পাথারী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, পূর্ব কলাবাড়িয়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, পি আর বাড়ি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, রাখানগর পঞ্চায়েত অফিস, পশ্চিম কলাবাড়িয়া পঞ্চায়েত অফিস, জশমুড়া পঞ্চায়েত অফিস, মাইছড়া পঞ্চায়েত অফিস, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাবিদ্যালয় এবং যোগমায়া কালীবাড়িতে দেওয়ালী মেলায় এই ধরনের সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজিত হয়।
